দৈনিক ইত্তেফাক 39
DEC. 27 1999
পৃঃ 8 কলাম 8

# বয়স্ক শিক্ষা কার্যক্রম প্রসঙ্গে

আমাদের জাতীয় জীবনে নিরক্ষরতা এক ভয়াবহ সমস্যা। এই দেশে বয়স্ক জনগোষ্ঠীর এক বিরাট অংশ অক্ষরজ্ঞানহীন। তাহাদের সাধারণ শিক্ষার আওতায় সাক্ষর করিয়া তোলা সম্ভব নয়। 'আলোর পথে কিশোরগঞ্জ সমিতি' উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে চালু করিয়াছে বয়স্ক শিক্ষা কার্যক্রম। আগামী ২০০০ সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়নে সরকার যে শিক্ষা উপকরণ বিশেষ করিয়া চেতনা নামক তিন খন্ড বই প্রকাশ করিয়াছেন, তাহার মধ্যে শিক্ষার্থী তাঁহার দৈনন্দিন জীবনের প্রতিফলন দেখিতে পাইবেন এবং তাঁহার জীবনের প্রয়োজন মেটাইতে দক্ষতা অর্জন করিতে সক্ষম হইবেন। এই বইগুলি সম্পূর্ণ জীবনভিত্তিক। এই কার্যক্রম সফল হইলে একজন নিরক্ষর মানুষ সাক্ষর হইবার পাশাপাশি পরিবার ও পরিবেশ, স্বাস্থ্য ও পুষ্টি, নারী নির্যাতন ও যৌতুক প্রথা রোধ, কৃষি সম্পর্কিত জ্ঞান, শিশুর পুষ্টি ও যত্ন, ঐক্য ইত্যাদি বিষয়ে সম্যক জ্ঞান লাভ করিতে পারিবে। ইহা বাস্তবায়ন সরকারের একার পক্ষে সম্ভব নয়। ইহার জন্য প্রয়োজন সমাজের সকল শ্রেণীর মানুষের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ। এ ব্যাপারে সকলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোহাম্মদ শফিকুল ইসলাম শফিক
গ্রামঃ চরটেকী (বানিয়া বাড়ী)
উপজেলাঃ পাকুন্দিয়া,
জেলাঃ কিশোরগঞ্জ